

যুগান্ত

জলঢাকায় শিক্ষক ও শ্রেণী কক্ষের অভাব

মাল্টিমিডিয়া ক্লাস ব্যাহত

প্রকাশ : ০৯ সেপ্টেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 জলঢাকা (নীলফামারী) প্রতিমিদ্ধি

নীলফামারীর জলঢাকায় শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ নষ্ট, কম্পিউটার শিক্ষক ও শ্রেণী কক্ষের অভাবে অচল হয়ে পড়েছে বিভিন্ন প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাস। ফলে প্রাথমিকভাবে মাল্টিমিডিয়ার নানা বিষয় জানা থেকে বাদ পড়ছে শিক্ষার্থীরা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস সুন্দে জানা যায়, উপজেলাটিতে মাধ্যমিক বিদ্যালয় ৪২ ও মাদ্রাসা ২৯টি রয়েছে। এর মধ্যে ৩৭ মাধ্যমিক বিদ্যালয়ে এবং ১৪টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া রয়েছে। এসব মনিটরিং হয় প্রধানমন্ত্রীর দফতরের একসেস টু ইনফরমেশন (এটআই) প্রজেক্টে থেকে। এছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা শিক্ষা কর্মকর্তা মনিটরিং করতে পারেন।

সরেজামিন উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে গিয়ে দেখা যায়, প্রতিষ্ঠানের ল্যাপটপ নষ্ট হয়ে পড়ে আছে। আবার কোনো প্রতিষ্ঠানে শ্রেণী কক্ষ ও শিক্ষকের অভাবে মাল্টিমিডিয়া ক্লাস নিতে পারে না। গাবরোল তহশিলদারপাড়া উচ্চবিদ্যালয় প্রধান শিক্ষক বিমল চন্দ্র রায় বলেন, তেইজি রানী রায় নামে একজন সহকারী শিক্ষককে কম্পিউটারে নিরোগ দেয়া আছে। বিল না হওয়ায় তিনি অনুপস্থিত। তাই অন্য শিক্ষক দিয়ে ক্লাস নেয়া হচ্ছে। এদিকে তালুক বাদি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক বাবুল চন্দ্র রায় বলেন, এখানে কম্পিউটার শিক্ষক নিরোগ দেয়া হয়নি। সরকারিভাবে পাওয়া ল্যাপটপটি বর্তমানে আকেজে। অপরদিকে সিটিভিয়া বালাডাঙ্গা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক নরেন্দ্র নাথ বলেন, প্রতিষ্ঠানটিতে কম্পিউটার শিক্ষক আছে, তবে সরকারিভাবে মাল্টিমিডিয়া পাওয়ার তালিকায় থাকলেও আজও কোনো মাল্টিমিডিয়ার উপকরণ আমরা পাইনি। নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন জানান, সরকারের বরাদ্দকৃত যেসব ল্যাপটপ দেয়া হয়েছে সেগুলোর বেশিরভাগই নষ্ট। অনেক সবচেয়ে ঘন ঘন লোডশেডিং ও লো-ভোলেটেজের কারণে শিক্ষকরা ক্লাস নিতে অনিহা প্রকাশ করেন। তারা আরও জানান, মাল্টিমিডিয়া ক্লাসের জন্য আলাদা প্রস্তুতি নিতে হয়। বিষয়বস্তু ডাউনলোড করে ক্লাস পরিচালনা করা লাগে বলেই অনেক শিক্ষক মাল্টিমিডিয়া ক্লাস ফোক দিয়ে থাকেন। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা চাঁওল কুমার ভৌমিকের সঙ্গে কথা হলে তিনি বলেন 'মাল্টিমিডিয়া ক্লাস নিশ্চিতকরণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে চেষ্টা করা হচ্ছে। ইতিমধ্যে ৩৫ প্রতিষ্ঠান নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাস আপনোভের মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে শিক্ষা দেয়া হচ্ছে। কিন্তু ব্রোড ব্যান্ড ইন্টারনেট এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, নষ্ট ল্যাপটপ ও প্রজেক্টরের কারণে এ কার্যক্রম অনেকটাই ব্যাহত হচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পার্সিলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৮০৫৪-৬১, পিপোটিং : ৯৮২৮০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৮০৬২, ফ্যাক্স : ৯৮২৮০৬০, সার্কুলেশন : ৯৮২৮০৭২। ফ্যাক্স : ৯৮২৮০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।